গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
www.sadar.sunamganj.gov.bd

**নম্বর:** ০৫.৪৬.৯০৮৯.০০০.০০০.১৩.০০০১.১৯.২০২৯

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **ফসল রক্ষা বাঁধের স্কীম বাস্তবায়নের লক্ষ্যে পিআইসি গঠনের আবেদন আহ্বান।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সুনামগঞ্জ সদর উপজেলাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন হাওরে ফসল রক্ষা বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণের জন্য স্কীম বাস্তবায়নের লক্ষ্যে পিআইসি কমিটি গঠনের (৫-৭ জন সদস্য সমন্বয়ে) আবেদন আহ্বান করা হচ্ছে। এ প্রেক্ষিতে আবেদনকারীদেরকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক আগামী ১০ ডিসেম্বর, ২০২৫ তারিখের মধ্যে নিম্নোক্ত কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

**আবেদনের সাথে আবশ্যিকভাবে দাখিলযোগ্য কাগজপত্র :**

১। স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদপত্র।
২। বাঁধের সন্নিকটবর্তী জমির মালিকানার প্রমাণক হিসেবে সর্বশেষ প্রকাশিত খতিয়ান (আরএস পর্চা)।
৩। কৃষকের প্রমাণক হিসেবে কৃষি কার্ড অথবা উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র।
৪। ফরমে প্রদানকৃত সকল সদস্যদের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (০১ কপি করে)।
৫। ফরমে প্রদানকৃত সকল সদস্যদের পাসপোর্ট সাইজের ছবি (০১ কপি করে)।

উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। পিআইসি কমিটি গঠন সংক্রান্ত যেকোনো তদবির/সুপারিশ কমিটি/সদস্যদের অযোগ্যতা বলে বিবেচিত হবে।

০৫-১২-২০২৫
সুলতানা জেরিন
উপজেলা নির্বাহী অফিসার
০২৯৯৬৬০০৭৩৯
unosunamganjsadar@gmail.com

বিতরণ : সদয় অবগতি ও কার্যার্থে
১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ ও সভাপতি, স্কীম বাস্তবায়ন ও মনিটরিং সংক্রান্ত জেলা কমিটি।
২। নির্বাহী প্রকৌশলী, সুনামগঞ্জ পানি উন্নয়ন বিভাগ-১ ও সদস্য সচিব, স্কীম বাস্তবায়ন ও মনিটরিং সংক্রান্ত জেলা কমিটি।
৩। ................................................................... ও সদস্য/সদস্য সচিব, স্কীম বাস্তবায়ন ও মনিটরিং সংক্রান্ত উপজেলা কমিটি।
৪। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনসহ ব্যাপক প্রচারের জন্য)।
৫। ......................................................., ..........................................................।